# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 17 April, 2025

নারায়ণগঞ্জের বন্দরে ডোবা থেকে রেদোয়ান (৯) নামে এক মাদ্রাসাছাত্রের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (১৬ এপ্রিল) দুপুরে কুশিয়ারা এলাকার চন্ডিতলার একটি ডোবায় ভাসমান অবস্থায় তার লাশ পাওয়া যায়। পুলিশের প্রাথমিক ধারনা দুর্ঘনায় শিশুটির মৃত্যু হতে পারে।

রেদোয়ান বরিশালের কলাপাড়া থানার মোস্তফাপুর এলাকার শাহজাহান খলিফার ছেলে এবং নবীগঞ্জ জামিয়া আরবীয়া দারুল কোরআন ইসলামিয়া মাদ্রাসার তৃতীয় শ্রেণির ছাত্র। তারা বন্দরের ২৩ নম্বর ওয়ার্ডের কবিলেরমোড় এলাকায় ভাড়া থাকতেন।

মঙ্গলবার (১৫ এপ্রিল) সকালে খেলতে গিয়ে নিখোঁজ হয় রেদোয়ান।পরদিন স্থানীয়দের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠায়।

বন্দর থানার ওসি তরিকুল ইসলাম জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, সাঁতার না জানায় ডোবায় ডুবে তার মৃত্যু হয়েছে।তবে ময়নাতদন্তের প্রতিবেদন পেলে সঠিক কারণ জানা যাবে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

নারায়ণগঞ্জ মাদ্রাসাছাত্র পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:29

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/961830038